

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (জুলাই/২০২১-জুন/২০২২ পর্যন্ত):

কার্যক্রমের নাম	কর্মসম্পাদন সূচক	সূচকের মান	একক	২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা	বাস্তবায়ন অগ্রগতি (জুলাই/২০২১-জুন/২০২২ পর্যন্ত)
১	২	৩	৪	৫	৬
১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন	সভা আয়োজিত	৪	সংখ্যা	৪	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ অনুযায়ী মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে নৈতিকতা কমিটির ১ম সভা ২৬/০৯/২০২১ তারিখ, ২য় সভা ২৩/১২/২০২১ তারিখ, ৩য় সভা ১৬/০৩/২০২২ তারিখ এবং ৪র্থ সভা ১৫/০৬/২০২২ তারিখ অনুষ্ঠিত হয়েছে (সভার নোটিশ ও হাজিরা সংযুক্ত)।
১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	বাস্তবায়িত সিদ্ধান্ত	৬	%	৮০	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ অনুযায়ী মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ১ম সভা, ২য় সভা, ৩য় সভা এবং ৪র্থ সভার সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে (সভার কার্যবিবরণী সংযুক্ত)।
১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা	অনুষ্ঠিত সভা	২	সংখ্যা	২	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী এবং অংশীজনের অংশগ্রহণে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে ১ম সভা ২৬/০৯/২০২১ তারিখ এবং ২য় সভা ২৩/০২/২০২২ তারিখ অনুষ্ঠিত হয় (সভার নোটিশ ও কার্যবিবরণী সংযুক্ত)।
১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণ আয়োজিত	২	সংখ্যা	২	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ ১৩/১২/২০২১ তারিখ, ২৫/০৪/২০২২ তারিখ, ১৪/০৫/২০২২ তারিখ ও ২১/০৫/২০২২ তারিখ অনুষ্ঠিত হয় (প্রশিক্ষণ আদেশ সংযুক্ত)।
১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন	উন্নত কর্ম-পরিবেশ	২	সংখ্যা ও তারিখ	৪ ৩০/৯/২১ ৩১/১২/২১ ৩১/৩/২২ ৩০/৬/২২	কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত ৪টি কার্যক্রমের মধ্যে ১) কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় ০৮/০৮/২০২১ তারিখ অধিদপ্তরের ১৪জন কর্মকর্তা-কর্মচারীর সমন্বয়ে কুইক রেসপন্স টিম গঠন করা হয়, ২) মুজিববর্ষ উপলক্ষ্যে 'পরিচ্ছন্ন গ্রাম পরিচ্ছন্ন শহর' কার্যক্রমের আওতায় অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সকল স্থান (ফ্লোর, ওয়াশ রুমসমূহ, সিঁড়ি, এমারজেন্সি এক্সিট, বাগান, ফ্লোরে বিদ্যমান টব ও টবের শোভাবর্ধক বৃক্ষসমূহ, ফায়ারবুম, লিফট রুম, সার্ভার রুম, পানির পাম্প এবং গার্ড রুম) পরিদর্শন ও মনিটরিং এর মাধ্যমে পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করার জন্য ফ্লোর অনুযায়ী ১১ জন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়। এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নিয়ে ১০/১১/২০২১ তারিখ পরিচালক (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়, ৩) অধিদপ্তরের 'কর্মপরিবেশ উন্নয়নে করণীয়' শীর্ষক একটি কর্মশালা ১২/০১/২০২২ তারিখ অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় এবং ৪) ২৭/০৪/২০২২ তারিখ অধিদপ্তরের 'কর্মপরিবেশ উন্নয়নে করণীয়' শীর্ষক একটি কর্মশালা অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান কার্যালয়ের পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ, সৌন্দর্য বৃদ্ধিকরণ, সরকারী কর্মচারী হিসেবে আইন ও বিধিবিধান অনুসারে রীতিনীতির ক্ষেত্রে করণীয় ও বর্জনীয়, উর্দ্ধতন-অধঃস্তন এবং সহকর্মীদের মধ্যে পারস্পরিক শিষ্টাচার এবং কর্মক্ষেত্রে গতিশীলতা আনয়নে নারীবান্ধব কর্মপরিবেশ নিশ্চিতকরণের বিষয়ে আলোচনা হয় (প্রমাণক সংযুক্ত)।
১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ	কর্মপরিকল্পনা ও ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত ও আপলোডকৃত	১	তারিখ	০৭/০৬/২১ ১৫/১০/২১ ১৫/১/২২ ১৫/৪/২২	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ গত ০৭/০৬/২০২১ তারিখ সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে এবং ১ম ত্রৈমাসিক প্রতিবেদন ০৭/০৬/২০২১ তারিখ, ২য় ত্রৈমাসিক প্রতিবেদন ১৩/১০/২০২১ তারিখ, ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন ১১/০১/২০২২ তারিখ ও ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন ১১/০৪/২০২২ তারিখ সুরক্ষা সেবা বিভাগে প্রেরণপূর্বক অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে (কপি সংযুক্ত)।

১৬

৫

৫

৫

৫

৫

৫

কার্যক্রমের নাম	কর্মসম্পাদন সূচক	সূচকের মান	একক	২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা	বাস্তবায়ন অগ্রগতি (জুলাই/২০২১-জুন/২০২২ পর্যন্ত)
১	২	৩	৪	৬	৭
১.৭ আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান	ফিডব্যাক সভা/কর্মশালা অনুষ্ঠিত	৪	তারিখ	১৫/০৬/২১ ৩১/১০/২১ ৩১/১/২২ ৩০/৪/২২	অধিদপ্তরের আওতাধীন ৮টি বিভাগীয় কার্যালয়ের অতিরিক্ত পরিচালকগণের সাথে ত্রৈমাসিক ভিত্তিতে ১ম ফিডব্যাক সভা ১৩/০৬/২০২১ তারিখ, ২য় সভা ২৫/১০/২০২১ তারিখ, ৩য় সভা ২০/০১/২০২২ তারিখ এবং ৪র্থ ফিডব্যাক সভা ২১/০৪/২০২২ তারিখ অনুষ্ঠিত হয় (কার্যবিবরণী সংযুক্ত)।
১.৮ শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ	প্রদত্ত পুরস্কার	১	তারিখ	৩০/০৬/২২	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর আওতায় গত ২০/০৬/২০২২ তারিখ ০৫ জন কর্মকর্তা-কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয় এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে (কপি সংযুক্ত)।
২.১ ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ	ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত	২	তারিখ	৩১/৭/২১ ৩০/০৪/২২	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০২১-২২ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা প্রণয়নপূর্বক গত ২৭/০৭/২০২১ তারিখ এবং ২৪/০৩/২০২২ তারিখ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে (কপি সংযুক্ত)।
২.২ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন	সভা আয়োজিত	২	সংখ্যা	৪	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ৪টি বিভাগীয় শহরে (বরিশাল, রাজশাহী, সিলেট ও চট্টগ্রাম) টেক্টিং ল্যাবরেটরী স্থাপন শীর্ষক প্রকল্পের জন্য পিআইসি সভা ৩০/০৯/২০২১ তারিখ, ০৫/১২/২০২১ তারিখ, ২৪/০৩/২০২২ তারিখ ও ০৭/০৬/২০২২ তারিখ এবং পিএসসি সভা ০৯/০১/২০২২ তারিখ ও ২৫/০৪/২০২২ তারিখ অনুষ্ঠিত হয়েছে (নোটিশ ও কার্যবিবরণী সংযুক্ত)।
২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন	বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত	২	%	১০০	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ৪টি বিভাগীয় শহরে (বরিশাল, রাজশাহী, সিলেট ও চট্টগ্রাম) টেক্টিং ল্যাবরেটরী স্থাপন শীর্ষক প্রকল্পের প্রাক্কলিত ব্যয়=৩৬০৭.৬২ লক্ষ, জুন/২২ পর্যন্ত ক্রমপঞ্জিত অগ্রগতি =৯৬.৩১%, ২০২১-২২ অর্থ বছরে আর্থিক অগ্রগতি=৮৮.৪৮% এবং ভৌত অগ্রগতি=১০০% (কপি সংযুক্ত)।
২.৪ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা	প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তরিত	২	তারিখ	৩০/৬/২২	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ৪টি বিভাগীয় শহরে (বরিশাল, রাজশাহী, সিলেট ও চট্টগ্রাম) টেক্টিং ল্যাবরেটরী স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় আসবাবপত্র, কম্পিউটার ও আনুষঙ্গিক এবং ল্যাবরেটরী যন্ত্রপাতি ৩০/০৬/২০২২ তারিখ প্রকল্প পরিচালক কর্তৃক অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের নিকট হস্তান্তর করা হয়েছে (কপি সংযুক্ত)।
৩.১ অভিযোগ প্রাপ্তির জন্য বিভাগীয় পর্যায়ে স্বচ্ছ অভিযোগ বক্স স্থাপন	স্বচ্ছ অভিযোগ বক্স স্থাপন	৬	সংখ্যা	৪	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের আওতাধীন সিলেট, বরিশাল, ময়মনসিংহ ও রংপুর বিভাগীয় কার্যালয়ে অভিযোগ প্রাপ্তির জন্য স্বচ্ছ অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে (কপি সংযুক্ত)।
৩.২ মাদকবিরোধী সচেতনতায় অধিদপ্তরের সোশ্যাল মিডিয়ায়/ ফেসবুক পেজে তথ্য আপলোডকরণ	মাদকবিরোধী সচেতনতায় তথ্য আপলোডকরণ	৬	সংখ্যা	১০০	সোশ্যাল মিডিয়ার মাধ্যমে জনসম্পৃক্ততা সৃষ্টির লক্ষ্যে ২০১৫ সালের আগস্ট থেকে Facebook page (Department of Narcotics Control)-এ অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসসমূহের কার্যক্রম তুলে ধরা হচ্ছে। বর্তমানে অধিদপ্তরের ফেসবুক পেজের ফলোয়ার সংখ্যা প্রায় ১,২৪,৩০০ জন। অধিদপ্তরের ফেসবুক পেইজ-এর মাধ্যমে যে কোনো ব্যক্তি তার মতামত, অভিজ্ঞতা, পরামর্শ প্রকাশ করতে পারছে, যা সহজে কর্তৃপক্ষের নজরে আসছে এবং ফেসবুকে সংযুক্ত অন্য ব্যক্তিবর্গ তা জানতে পারছেন। ফলে ফেসবুকে সংযুক্ত সবার মধ্যে যে কোনো তথ্য স্বল্প সময়ে প্রচার করা সম্ভব হচ্ছে। সোশ্যাল মিডিয়া ও ইন্টারনেটভিত্তিক কার্যক্রমের ফলে বিপুলসংখ্যক মানুষ মাদক সচেতনতার আওতাভুক্ত হয়েছেন। এতদসংক্রান্ত মাদকবিরোধী সচেতনতামূলক বিভিন্ন শ্লোগান সম্বলিত তথ্য, ছবি, কনটেন্ট ইত্যাদি প্রতি কোয়ার্টারে প্রচার করা হয়েছে (কপি সংযুক্ত)।
৩.৩ প্রাতিষ্ঠানিক গণশুনানি আয়োজন	প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজিত	৬	সংখ্যা	৪	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর আওতায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী এবং অংশীজনের অংশগ্রহণে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে ১ম প্রাতিষ্ঠানিক গণশুনানী ২৬/০৯/২০২১ তারিখ, ২য় শুনানী ২৩/১২/২০২১ তারিখ, ৩য় শুনানী ২৩/০২/২০২২ তারিখ এবং ৪র্থ গণশুনানী ১৫/০৬/২০২২ তারিখ অনুষ্ঠিত হয় (নোটিশ ও কার্যবিবরণী সংযুক্ত)।

(৯)

৯

৯


৯


৯


৯


৯


কার্যক্রমের নাম	কর্মসম্পাদন সূচক	সূচকের মান	একক	২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা	বাস্তবায়ন অগ্রগতি (জুলাই/২০২১-জুন/২০২২ পর্যন্ত)
১	২	৩	৪	৬	৭
৩.৪ ফিস্ট ফোর্স লোকেটরের মাধ্যমে কার্যক্রম মনিটরিং	ফিস্ট ফোর্স লোকেটরের মাধ্যমে মনিটরিংকৃত কার্যক্রম	৬	সংখ্যা	১০০	Field Force Locator এর মাধ্যমে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের সার্বিক কার্যক্রম ও কর্মস্থলে উপস্থিতি মনিটরিং করার লক্ষ্যে অতিরিক্ত মহাপরিচালক-ঢাকা বিভাগ, ময়মনসিংহ বিভাগ, পরিচালক (নিরোধ শিক্ষা)- বরিশাল বিভাগ, খুলনা বিভাগ, পরিচালক (প্রশাসন)-রংপুর বিভাগ, রাজশাহী বিভাগ, পরিচালক (অপারেশনস)-চট্টগ্রাম বিভাগ, সিলেট বিভাগ এবং অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা)-বিভাগীয় গোয়েন্দা কার্যালয়সমূহের দায়িত্ব পালন করবেন মর্মে ২৪/০৮/২০২০ তারিখ অফিস আদেশ জারি করা হয়েছে। Field Force Locator এর মাধ্যমে বিভাগীয় কর্মকর্তাগণ তার অধীন কার্যালয়সমূহের উপপরিচালক, সহকারী পরিচালক, পরিদর্শক ও উপপরিদর্শকগণের সার্বিক কার্যক্রম ও কর্মস্থলে উপস্থিতি মনিটরিং করে থাকেন এবং প্রতিদিনের তথ্যাদি সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষের নিকট প্রেরণ করেন। প্রেরিত তথ্যে কোন গড়মিল পরিলক্ষিত হলে ব্যাখ্যা তলব করে ব্যবস্থা গ্রহণ করা হয় (কপি সংযুক্ত)।
৩.৫ সরকার কর্তৃক অনুমোদিত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের অনুকূলে প্রদানকৃত অনুদান কার্যক্রম মূল্যায়ন	বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের অনুকূলে প্রদানকৃত অনুদান কার্যক্রম মূল্যায়ন	৬	সংখ্যা	১২	অধিদপ্তরের অনুমোদনপ্রাপ্ত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের মধ্য হতে ২০২০-২১ অর্থ বছরে ১৩৭টি প্রতিষ্ঠানের অনুকূলে ১ কোটি ৫০ লক্ষ টাকা অনুদান প্রদান করা হয়। অধিদপ্তরের বিভাগীয় অতিরিক্ত পরিচালকগণ প্রতি তিনমাস অন্তর এ সকল নিরাময় কেন্দ্রের অনুকূলে প্রদানকৃত অনুদান কার্যক্রম মূল্যায়ন করে প্রতিবেদন প্রদান করেন। প্রতিবেদনে এ সকল প্রতিষ্ঠানের সেবার মানোন্নয়ন, নিরাপত্তা ও অনুদানের সঠিক ব্যবহার নিশ্চিত করার বিষয়ে সুপারিশ করা হয় (কপি সংযুক্ত)।



দীপকজয় দাস
সহকারী পরিচালক (প্রশাসন)



মোঃ মোস্তাক হান্নান
সিস্টেম এনালিস্ট (ভারপ্রাপ্ত)
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়, ঢাকা।


মোঃ হোসাইন
উপপরিচালক
(ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন)


শামীম আহমেদ
উপপরিচালক (প্রশাসন)


শামীম আহমেদ
উপপরিচালক (অপারেশন)
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়, ঢাকা।


মোঃ মাসুদ হুসাইন
উপপরিচালক (নিরোধ শিক্ষা)
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়, ঢাকা।


মাসুদ হোসেন
উপপরিচালক (প্রশাসন ও পরিকল্পনা)